



উপজেলা নির্বাহী অফিসার
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

দুর্নীতি দমন কমিশন
বিভাগীয় কার্যালয়
সিলেট।

তারিখ: ২৭/০২/২০২০

স্মারক নং-দুদক/বিকা/সিলেট/২০২০/৪০৭ (৬)

বিষয়: উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ গঠন।

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ১৭(ছ) ধারায় নির্ধারিত কার্যাবলী সম্পাদনের জন্য ধারা ১৭(টে) এর বিধান অনুযায়ী দুর্নীতি প্রতিরোধের উদ্দেশ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে বিগত ১৩/৫/২০১৫ তারিখে কমিশনের গবেষণা, পরীক্ষণ, প্রতিরোধ ও গণসচেতনতা অনুবিভাগের ০৮/২০১৫নং দৈনন্দিন সভার ১(ক) উপক্রমিকের সিদ্ধান্ত মোতাবেক কমিশনের পক্ষে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক নিম্নবর্ণিত মনোনিত ব্যক্তিবর্গের সমন্বয়ে “হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি” পুনর্গঠন করা হলো:

২। এমতাবস্থায়, নিম্নোক্তভাবে হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন করা হলো:

| ক্র: নং | সদস্যগণের নাম, পদবী ও ঠিকানা | পদবী |
|---------|---|----------------|
| ০১ | জনাব মো: সিদ্দিক আলী, পিতামৃত-মো: সুন্দর আলী, সাং-নিজগাঁও, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ | সভাপতি |
| ০২ | বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ সফিকুর রহমান, পিতামৃত- মোঃ আব্দুর নূর, সাং-দক্ষিণ বড়চর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। | সহ-সভাপতি |
| ০৩ | জনাব মোছাঃ জোৎস্না বেগম, স্বামী- মোঃ মহিবুর রহমান, পিতামৃত- মোঃ খিরাজ মিয়া, সাং- হাসপাতাল রোড, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। | সহ-সভাপতি |
| ০৪ | জনাব ম.ম হাবিবুল ইসলাম, পিতামৃত মোঃ ইয়াকুব আলী, সাং- হাসপাতাল রোড, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। | সাধারণ সম্পাদক |
| ০৫ | জনাব, মোঃ আব্বাস আলী, অবসর প্রাপ্ত ওয়ারেন্ট অফিসার, পিতা মৃতঃ আহাম্মদ আলী, সাং-পূর্ব বাগুনী পাড়া, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। | সদস্য |
| ০৬ | জনাব মোঃ জহিরুল ইসলাম, পিতামৃত- আব্দুস সামাদ, সাং-উবাহাটা, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। | সদস্য |
| ০৭ | জনাব রশিদ আহমদ, পিতামৃত-মোঃ দুমরাজ মিয়া, সাং-দক্ষিণ লেঞ্জাপাড়া, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। | সদস্য |
| ০৮ | জনাব মোঃ সিরাজুল ইসলাম চৌধুরী, পিতামৃত-মোঃ আতাউর রহমান চৌধুরী, সাং- সুতাং(শাহজিবাজার), শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। | সদস্য |
| ০৯ | জনাব মোঃ সাইদুর রহমান (সৈয়দ মিয়া), পিতামৃত-মোঃ আঃ গফুর, সাং-বিরামচর আবাসিক এলাকা, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। | সদস্য |

- কমিটির কর্ম এলাকা উপজেলা ও উপজেলার প্রশাসনিক এলাকায় সীমাবদ্ধ থাকবে।
- কমিটি কমিশন কর্তৃক জারিকৃত “ গঠনতন্ত্র ও কার্য নির্দেশিকা, মে ২০১০ (মে, ২০১৬ পর্যন্ত সংশোধিত)” অনুযায়ী কার্য পরিচালনা করবে।
- কমিটি ০১/০১/২০২১খ্রি. তারিখে পূর্ববর্তী কমিটির নিকট থেকে দায়িত্বভার গ্রহণ/কার্যক্রম শুরু করবে। এ কমিটির মেয়াদ হবে ০৩(তিন) বছর।
- কমিটির কর্মপরিধি ও কর্মপদ্ধতি :
 - দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির জন্য বিভিন্ন ধরণের প্রচারণামূলক কর্মসূচি গ্রহণ। এই কর্মসূচীর মধ্যে বক্তৃতা, বিতর্ক ও রচনা প্রতিযোগিতা, সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা, মতবিনিময় সভা, আলোচনা সভা, পথসভা, মানববন্ধন, পদযাত্রা ও সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি অন্তর্ভুক্ত থাকতে পারবে।
 - বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহে দুর্নীতি প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করণ;
 - সকল প্রকার ধর্মীয় প্রতিষ্ঠানে আগত মানুষের মধ্যে দুর্নীতিবিরোধী মনোভাব গড়ে তোলার জন্য বিশেষ বক্তব্য প্রদানের কার্যক্রম গ্রহণ;
 - তরুণ প্রজন্মের মধ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার কার্যক্রমে তাদের সম্পৃক্ত করার উদ্দেশ্যে দুর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগে স্ব স্ব কর্ম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান- স্কুল মাদ্রাসা, কলেজ, ছাত্রাবাস, প্রশিক্ষণ কেন্দ্র ইত্যাদিতে সহযোগি প্রতিষ্ঠান হিসাবে “সততা সংঘ” প্রতিষ্ঠা করণ;

CA
১। কমিটির সভাপতি/সম্পাদক চরিত্র স্বাক্ষর দিন,

২। ওপরে স্বাক্ষর করে প্রকাশ করুন,

০১.০২.২০২০

- (ঙ) কমিটির সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে কমিশনের নির্ধারিত ছকে আইনের তফসিলভুক্ত অপরাধের সুনির্দিষ্ট তথ্য-উপাত্ত সম্বলিত অভিযোগ কমিশনে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ;
- (চ) গৃহীত কার্যক্রম সূচারূপে পরিচালনার জন্য প্রয়োজনীয় কর্ম পরিকল্পনা প্রণয়ন;
- (ছ) অহিংস পদ্ধতিতে ও প্রচলিত আইন ও বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীল থেকে দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির কর্মসূচী পরিচালনা;
- (জ) কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কমিশনের দিক নির্দেশনা অনুসরণ করণ।

৭। কমিটির বর্জনীয় বিষয়সমূহ :

- (ক) কমিশনের অনুসন্ধান বা তদন্ত কার্যক্রম প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে প্রভাবিত করা হতে বিরত থাকবেন ;
- (খ) সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত বা বে-সরকারি কোনো দপ্তরের দাপ্তরিক কার্যক্রমে হস্তক্ষেপ করা অথবা প্রভাব বিস্তার করা হতে বিরত থাকবেন ;
- (গ) ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে কারো বিরুদ্ধে মিথ্যা, তুচ্ছ বা বিরজিকর তথ্য কমিশনে প্রেরণ করবেন না।

৮। উক্ত কমিটির কার্য পরিচালনায় সর্বাঙ্গিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



এসএম মফিদুল ইসলাম

পরিচালক

ফোন: ০৮২১-৭১৭২০৭

Email : d.do.sylhet@acc.org.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
২. মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
৩. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪. পুলিশ সুপার, হবিগঞ্জ।
৫. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, হবিগঞ্জ।
৬. উপজেলা নির্বাহী কর্মকর্তা, শায়েস্তাগঞ্জ উপজেলা, হবিগঞ্জ।
৭. জনাব----- সভাপতি/সহ-সভাপতি/সাধারণ সম্পাদক/সদস্য, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।
৮. অফিস নথি।